

২২

প্রভু তোমা লাগি আঁখি জাগে ;
দেখা নাই পাই
পথ চাই,
সেও মনে ভালো লাগে ।

গীতাঞ্জলি

পূলাতে বসিয়া দ্বারে
ভিখারী হৃদয় হা রে
তোমারি করুণা মাগে ।
কৃপা নাই পাই
শুধু চাই,
সেও মনে ভালো লাগে ।

আজি এ জগত মাঝে
কত স্মখে কত কাজে
চলে' গেল সবে আগে ।
সাথী নাই পাই
তোমায় চাই,
সেও মনে ভালো লাগে ।

চারিদিকে স্খাভরা
ব্যাকুল শ্যামল ধরা
কঁদায় রে অনুরাগে ।
দেখা নাই পাই
ব্যথা পাই,
সেও মনে ভালো লাগে ॥

১৪ই ভাদ্র, ১৩১৬